কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা হাফিজুর রহমান সজিব গ্রেপ্তার



হাফিজুর রহমান সজিব। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও দলটির কেন্দ্রীয় কমিটির সদস্য হাফিজুর রহমান সজিবকে গ্রেপ্তার করেছে যৌথবাহিনী। সোমবার (২৪ নভেম্বর) দিবাগত রাত দেড়টার দিকে ঢাকার উত্তরা থানা এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে ঢাকার বিভিন্ন এলাকায় আত্মগোপনে ছিলেন সজিব। রূপগঞ্জ ও পূর্বাচলের ৩০০ ফিট এলাকায় দলীয় লোকজন নিয়ে নাশকতামূলক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। এসব অভিযোগের ভিত্তিতে তাঁর অবস্থান শনাক্ত করে অভিযান চালায় যৌথবাহিনী।

উত্তরা পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ খালিদ মনসুর জানান, সজিবের বিরুদ্ধে যাত্রীবাহী বাসে অগ্নিসংযোগ, নাশকতা ও বিস্ফোরক-সংক্রান্ত একাধিক অভিযোগ রয়েছে। এসব ঘটনায় দায়ের করা মামলায় তাঁকে গ্রেপ্তার করা হয়েছে।

মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুরে নাশকতা, অগ্নিসংযোগ ও বিস্ফোরক-সংক্রান্ত মামলায় গ্রেপ্তার দেখিয়ে তাঁকে আদালতে পাঠানো হয়।